

অথবা

৪. “ঘোড়সওয়ার” কবিতা সম্পর্কে সুধীন্দ্রনাথ শুধু ‘রিরংসা’-র কথা ভাবতে চান না; রবীন্দ্রনাথ আবার ‘রিরংসা’-র কবিতা হিসেবেই এর অর্থ খুঁজে পান, কার্কম্যান একে পড়তে চান ‘peoples’ poetry’ হিসেবে। এই তিনটি পাঠের কথা মনে রেখে কবিতাটিকে তুমি কীভাবে পড়তে চাও জানাও। ৫

৫. সমর সেনের কবিতা প্রসঙ্গে হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় অভিযোগ করেন ‘তঁার লেখায় এক এক সময় সত্যই নৈরাশ্যের একটা বিকৃত সুর বেজে ওঠে।’ তোমারও কি একই মত, না কি এ বিষয়ে তুমি আলাদা কোনও মন্তব্য করবে? ১০

অথবা

৬. রবীন্দ্র পরবর্তী কবি হিসেবে যাঁদের কবিতা তোমরা এই পর্বে পড়লে তাঁদের মধ্যে কার বা কাদের ইমেজ ব্যবহার তোমার সবচেয়ে বেশি মনে ধরে এবং কেন? আলোচনা করো। ১০

৭. শক্তি চট্টোপাধ্যায়ের “সে বড়ো সুখের সময় নয়, সে বড়ো আনন্দের সময় নয়” কবিতায় যে সব ‘অবাস্তব’ ‘অসম্ভব’ ছবি ব্যবহৃত হয়েছে তার কয়েকটি বেছে নিয়ে সেগুলি এই কবিতায় কীভাবে কাজে লেগেছে বুঝিয়ে দাও। ১০

অথবা

৮. নীরেন্দ্রনাথ চক্রবর্তী এবং শঙ্খ ঘোষের কবিতায় মাঝে মাঝেই থাকে ছোটগল্পের আভাস। তোমার পড়া এই দুই কবির ছোটগল্প উঁকি-দেওয়া একটি করে কবিতা আলোচনা করে দুজনের রুচি ও দৃষ্টিভঙ্গির একটি সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ১০

কলাস্নাতক অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০১৮

(তৃতীয় বর্ষ, ষষ্ঠ সিমেন্টার)

বাংলা

বিশ শতকের বাংলা কবিতা

কোর্স ইউ.জি - ৬.১

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. সমকালীন কবিতা থেকে যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবিতা কোথায় স্বতন্ত্র বলে তোমার মনে হয়? তোমার পড়া কবিতার সূত্রে এ বিষয়ে তোমার মত প্রতিষ্ঠা করো। ১০

অথবা

২. আদ্যন্ত রবীন্দ্রানুরাগী কবি সত্যেন্দ্রনাথের কবিতা শ্রোতার কানে পৌঁছালেই শ্রোতা বুঝতে পারেন কবির নাম, তারপরও তাঁকে ‘রবীন্দ্রানুসারী’ কবি বলা কতটা যুক্তিসঙ্গত? ১০

৩. (ক) ‘বনলতা সেন’ কবিতার অনুবাদে জীবনানন্দ ‘পাখীর নীড়ের মত চোখ’ উপমাটি বাদ দেন, কিন্তু নিয়ে আসেন ‘wisdom’ শব্দটি। কবির নিজের অনুবাদে এই বদল তোমাকে কীভাবে ভাবায়? ৫

- (খ) “শাস্ত্রী” কবিতায় যিনি লেখেন ‘আমি কভু ভুলিব না’, তিনিই একই বইয়ের “মহাসত্য” কবিতায় লেখেন ‘অসংগত চির প্রেম’, ‘অসম্ভব শাস্ত্রী স্মরণ’। কবির প্রেম ও সময়ের ধারণার এই তফাতকে তুমি কীভাবে পড়বে? ৫

(Turn Over)